কালের কণ্ঠ
ঢাকা। বৃহস্পতিবার। ১৬ এপ্রিল ২০২৬
৩ বৈশাখ ১৪৩৩। ২৭ শাওয়াল ১৪৪৭



www.kalerkantho.com




নর্থ সাউথ ইউনিভার্সিটি

North South University Library
SEEK KNOWLEDGE
NORTH SOUTH UNIVERSITY
1992

# নাচ-গান শোভাযাত্রায় এনএসইউতে বর্ষবরণ

নিজস্ব প্রতিবেদক ▷

পুরনো বছরের গ্লানি, ক্লান্তি ও অবসাদ পেছনে ফেলে নতুন আশায় বাংলা নববর্ষ ১৪৩৩ বরণ করে নিল নর্থ সাউথ বিশ্ববিদ্যালয়। গত মঙ্গলবার নর্থ সাউথ ইউনিভার্সিটি সাংস্কৃতিক সংগঠন ক্লাবের উদ্যোগে দিনব্যাপী বর্ণাঢ্য এ অনুষ্ঠান শুরু হয় বৈশাখী শোভাযাত্রার মধ্য দিয়ে। এ আয়োজনে মিডিয়া পার্টনার ছিল কালের কণ্ঠ।

দিনব্যাপী অনুষ্ঠিত সাংস্কৃতিক আয়োজনে ছিল নৃত্য, গান, আবৃত্তি ও ফ্ল্যাশমব। পাশাপাশি বাউল ও ভাটিয়ালি গানের পরিবেশনা দর্শকদের মুগ্ধ করে। শিক্ষার্থীদের স্বতঃস্ফূর্ত অংশগ্রহণে পুরো ক্যাম্পাস হয়ে ওঠে মুখরিত।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন এনএসইউ বোর্ড অব ট্রাস্টিজের প্রতিষ্ঠাতা ও সাবেক চেয়ারম্যান এম এ কাশেম। বিশেষ অতিথি ছিলেন সদস্য বেনজীর আহমেদ, মিসেস দুলুমা আহমেদ, উপ-উপাচার্য অধ্যাপক নেছার উদ্দীন আহমেদ ও কোষাধ্যক্ষ অধ্যাপক আব্দুর রব খান।

এম এ কাশেম বলেন, 'পহেলা বৈশাখ বাঙালির অন্যতম বড় উৎসব। এ উৎসব আমাদের সাংস্কৃতিক ঐতিহ্য ও শিকড়ের সঙ্গে গভীরভাবে সম্পৃক্ত। পুরনো বছরের সব গ্লানি ও ব্যর্থতা পেছনে ফেলে আমরা নতুন করে শুরু করার অনুপ্রেরণা পাই।'

উপ-উপাচার্য নেছার উদ্দীন আহমেদ বলেন, 'বাংলা নববর্ষ আমাদের সংস্কৃতি ও ঐতিহ্যের একটি অবিচ্ছেদ্য অংশ।'